



ওয়েভ ফাউন্ডেশন
WAVE FOUNDATION

২০ জুলাই ২০১৭

সূত্র: ওয়েভ ফাউন্ডেশন/এভিসিবি // ভোলা অফিস/ ২১(৩)/২০১৭

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
চরফ্যাশন উপজেলা
ভোলা।

বিষয়: গ্রাম আদালত পরিচালনায় এজলাস স্থাপন ও আসবাবপত্র সরবরাহ প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

ওয়েভ ফাউন্ডেশন এর পক্ষ হতে আন্তরিক শুভেচ্ছা জানবেন।

আপনি অবগত আছেন যে, সুবিধাবঞ্চিত ও প্রান্তিক গ্রামীণ জনগোষ্ঠীর বিচার ব্যবস্থায় প্রবেশাধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ কর্তৃক এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) ও ইউরোপীয়ান ইউনিয়ন এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প (Activating Village Courts in Bangladesh Phase II Project) বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। প্রকল্পের আওতায় খুলনা এবং বরিশাল বিভাগে যথাক্রমে খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট এবং পটুয়াখালী, ভোলা ও বরগুনা জেলার ২৯টি উপজেলার ২৪৮টি ইউনিয়নে মাঠ পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নে সহযোগী সংগঠন হিসাবে বেসরকারি সংস্থা ওয়েভ ফাউন্ডেশন কাজ শুরু করেছে। আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী প্রকল্পভূক্ত ইউনিয়নে গ্রাম আদালত পরিচালনায় একসেট এজলাস এবং গ্রাম আদালত সহকারীর জন্য প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের উদ্যোগ নেওয়া হয়েছে। এ ধারাবাহিকতায় ভোলা জেলার চরফ্যাশন উপজেলার প্রকল্পভূক্ত ২১টি ইউনিয়নের মধ্যে যেসকল ইউনিয়ন পরিষদে ইতোপূর্বে সরকারিভাবে ও অন্যান্য বিভিন্ন উৎস হতে এজলাস স্থাপিত হয়েছে বা সরকারি বরাদ্দ প্রাপ্তি হয়েছে এরূপ ইউনিয়ন ব্যতিত ১০টি ইউনিয়নে আগামী ০২/০৮/২০১৭ ইং তারিখ হতে নির্বাচিত ভেঙের মাধ্যমে এজলাস ও গ্রাম আদালত সহকারীর আসবাবপত্র সরবরাহ শুরু হতে যাচ্ছে। এজলাস স্থাপনের সময়সূচি পত্রসাত সংযুক্ত করা হলো।


আশা করি, গ্রাম আদালত পরিচালনায় এজলাস স্থাপন ও আসবাবপত্র সরবরাহ গ্রাম আদালতের কার্যক্রমকে আরও বেগবান করবে। এজলাস স্থাপনসহ প্রকল্পের কার্যক্রমে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ


সুকুমার মিত্র
জেলা সমন্বয়কারী
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প
ওয়েভ ফাউন্ডেশন, ভোলা জেলা।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চরফ্যাশন, ভোলা

০২৪


তারিখঃ ০৭.২০১৭ খ্রি.

স্মারক নং ৪৬. ১০.০৯২৫.০০৪.০৩.০০১.১৭-
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১. চেয়ারম্যান-চরমদ্রাজ, জিলাগড়, চরকলমী, হাজারীগঞ্জ, এওয়াজপুর, জাহানপুর আবুবকরপুর, আবদুল্লাহপুর, নজরুল নগর, ঢালচর, ইউ.পি.
০২. সচিব- চরমদ্রাজ, জিলাগড়, চরকলমী, হাজারীগঞ্জ, এওয়াজপুর, জাহানপুর আবুবকরপুর, আবদুল্লাহপুর, নজরুল নগর, ঢালচর, ইউ.পি.


(মোহাম্মদ মনোয়ার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
চরফ্যাশন, ভোলা